

ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা

চার হাজার আসনের জন্য প্রার্থী অর্ধ লক্ষ
□ প্রতি আসনে ১৩ জন প্রার্থী

শাহ নিসতার আহান : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি সমস্যা ক্রমশঃ প্রকট আকার ধারণ করছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারা যেন ভাগ্য পরীক্ষায় পাশা খেলায় জেতা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ ১৯৯৩-৯৪ সেশনে এবার আসন সংখ্যা এবং ভর্তি পরীক্ষার ফরম বিক্রির সংখ্যার দিকে তাকালে এ ব্যাপারটি খুবই স্পষ্ট হবে। বিভিন্ন অনুসন্ধানের ৪টি ইউনিটে এবার অর্ধলক্ষেরও বেশি ফরম বিক্রি হয়েছে। অর্ধচ আসন রয়েছে ৪ হাজারেরও কম। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ 'সন্মান' শ্রেণীতে ভর্তির ফরম জমা দেয়ার শেষ দিন ছিলো।

আসনের জন্য ১২ জন প্রার্থী প্রতিস্থানিত করে।

শেষ হিসেব নিয়ে দেখা গেছে, কলা, বিজ্ঞান, আইন ও সামাজিক বিজ্ঞান অনুসন্ধান (ক, খ, গ ও ঘ ইউনিটে) ফরম বিক্রি হয়েছে মোট ৫১ হাজার ৯৮টি। পক্ষান্তরে এই তিন অনুসন্ধান ভর্তি হতে পারবে মাত্র ৩ হাজার ৭ শ' ৭৫ জন ছাত্রছাত্রী। গত বছরের (১৯৯২-৯৩ সেশন) তুলনায় এবার আসন বেড়েছে মাত্র ৪৮টি। কিন্তু ভর্তি প্রার্থীর সংখ্যা বেড়েছে ৪ হাজার ৯১ জন। ১৯৯২-৯৩ সেশনে ভর্তি ফরম বিক্রি হয়েছিলো ৪৬ হাজার ৯ শ' ৭টি। আসন সংখ্যা ছিলো ৩ হাজার ৭ শ' ২৭টি।

এ বছর বিজ্ঞান অনুসন্ধান ৯ শ' ৯৫টি আসনের জন্য ১৫ হাজার ৪ শ' জন (ক ইউনিট), কলা, আইন ও সামাজিক বিজ্ঞান অনুসন্ধান ১৭ শ' আসনের জন্য ১২ হাজার ৬ শ' জন (খ ইউনিট), বাণিজ্য অনুসন্ধান ৫ শ' ৮০ আসনের জন্য ১৬ হাজার ১ শ' ২৬ জন এবং সম্মিলিত অনুসন্ধানের ৫ শ' আসনের জন্য ১৬ হাজার ১ শ' ২৬ জন (ঘ ইউনিট) ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। এবার প্রতিটি আসনের জন্য প্রায় ১৩ জন ছাত্রছাত্রী ভর্তির গড়াই করবে। গত বছর ১টি